চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৫ ফেব্রæয়ারি ২০১৮খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা, স্বাস্থ্য,পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় ১৮ ফেব্রæয়ারি থেকে ১০ দিন ব্যাপী বই মেলা আয়োজনের সিদ্ধান্ত

৫ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. সোমবার, দুপুরে নগর ভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত পরিষদের শিক্ষা, স্বাস্থ্য,পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা সংশ্লিষ্ট কমিটির সভাপতি কাউন্সিলর নাজমুল হক ডিউক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন, প্যানেল মেয়র জোবাইরা নার্গিস খান, কমিটির সদস্য হাজী মো. হারুন উর রশিদ, মাজহারুল ইসলাম চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, ফারহানা জাবেদ, প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, সদস্য সচিব প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। সভায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন সহ আলোচ্য সুচির উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও অমর একুশে ফেব্রæয়ারি শহিদ দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের যাবতীয় কর্মসূচি গৃহিত হয়। এ উপলক্ষে আগামী ১৮ ফেব্রæয়ারি থেকে ১০ দিন ব্যাপী বই মেলা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।

চট্টগ্রাম- ০৫ ফেব্রæয়ারি ২০১৮খ্রি.

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে সেলাই প্রশিক্ষণ প্রদান শেষে সনদ ও সেলাই মেশিন হস্তান্তর অনুষ্ঠানে মেয়র

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে দারিদ্র বিমোচনের লক্ষ্যে চট্টগ্রাম নগরীর ৩৪ নং ওয়ার্ডের শুটকী পট্টি বস্তির ২৫ জন নারীকে সেলাই প্রশিক্ষণ প্রদান শেষে সনদ ও সেলাই মেশিন হস্তান্তর উপলক্ষে ৫ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. সোমবার, বিকেলে নগর ভবনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, স্বাবলম্বী হওয়ার জন্য সেলাই মেশিন হস্তান্তর করা হচ্ছে। প্রশিক্ষণের অভিজ্ঞতা কাজে লাগিয়ে দারিদ্র বিমোচন করাই এ কর্মসূচীর মূল লক্ষ্য। এককভাবে অথবা যৌথভাবে সেলাই কার্যক্রম পরিচালনা করে নিজ পায়ে দাড়িয়ে সন্তানদের শিক্ষার আলোতে আলোকিত করে দারিদ্র চিরতরে দুর করতে হবে। এ প্রসঙ্গে মেয়র বলেন, জননেত্রী শেখ হাসিনার সরকার দারিদ্র বিমোচনে সকল কর্মসূচি বাস্তবায়ন করে চলেছেন। তাঁর নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নশীল দেশে

উন্নিত হচ্ছে। ২০২১ সনে মধ্য আয়ের দেশে পরিণত হবে। মেয়র বলেন, ২০০৫ সনে এদেশে গরীবের সংখ্যা ছিল ৪২ শতাংশ বর্তমানে দরিদ্রের সংখ্যা ২২ শতাংশের নিচে। ২০৩০ সনের মধ্যে বাংলাদেশ দারিদ্র মুক্ত হবে। তিনি প্রশিক্ষণপ্রাপ্ত সকলকে তাঁর প্রতিবেশিদের দারিদ্র বিমোচনের জন্য প্রশিক্ষণলব্ধ অভিজ্ঞতা ছড়িয়ে দেয়ার আহবান জানান। ২১ দিনের প্রশিক্ষণ শেষে সনদ ও সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বস্তি উন্নয়ন ও দারিদ্র বিমোচন স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর জহুরুল আলম জসিম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডেপুটি প্রজেক্ট ডাইরেক্টর এস এ এম মাহফুজুল হোসেন, চসিক স্থপতি এ কে এম রেজাউল করিম। জাইকার কর্মকর্তা মনোরঞ্জন ধর,সিনিয়র বস্তি উন্নয়ন কর্মকর্তা সন্দ্বিপ কুমার দাশ, বস্তি উন্নয়ণ কর্মকর্তা মঈনুল হোসেন আলী চৌধুরী সহ অন্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৫ ফেব্রæয়ারি ২০১৮খ্রি.

হাজেরা তজু স্কুল এন্ড কলেজ এবং চিটাগাং কিন্ডারগার্টেন এর বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃকিতক প্রতিযোগিতায় বিজয়ীদের পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, শিক্ষানুরাগী সমাজ সেবক ও শিল্পপতি মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি আলোকিত মানুষ গড়ার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। তাঁর ভবিষ্যৎ কর্ণধার গড়ে তোলার মহৎ এ প্রয়াস অভিনন্দন যোগ্য। সমৃদ্ধ, আলোকিত ও মূল্যবোধ সম্পন্ন মানুষ গড়ার এর চেয়ে বিকল্প কোন পথ খোলা নেই। মেয়র বলেন, আমাদের মধ্যে আত্মকেন্দ্রীকতা, স্বার্থপরতা বেশি বেশি কাজ করে বিধায় দেশের প্রতি জন গণের প্রতি ও প্রতিবেশির প্রতি দায়বদ্ধতা থাকে না। শিক্ষা আভিধানিক অর্থে অধিকার হলেও সুযোগ না পেলে মানুষ শিক্ষা গ্রহণ করতে পারে না। যারা নিজেদের সম্পদ বিলিয়ে দিয়ে শিক্ষার অধিকার বাস্তবায়নের প্রয়াস নেন তারাই প্রকৃত অর্থে মহৎপ্রান ব্যক্তি। এ প্রসঙ্গে মেয়র বলেন, প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি সহ শিক্ষা ও নৈতিক শিক্ষা অপরিহার্য। যারা দেশ ও জাতির কর্ণধার হয়ে উন্নত সমৃদ্ধ ক্ষুধা দারিদ্র মুক্ত বাংলাদেশ বিনির্মাণে অবদান রাখবে তাদের অবশ্যই মূল্যবোধ সম্পন্ন নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। তিনি বলেন, দারিদ্র দুর করার একমাত্র অবলম্বন সুশিক্ষা। শিক্ষিত জনগোষ্টি দরিদ্র থাকতে পারে না। ৫ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. সোমবার, সকালে হাজেরা তজু স্কুল এন্ড কলেজ এবং চিটাগাং কিন্ডারগার্টেন এর বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। চান্দগাঁওস্থ অত্র শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র শিক্ষাপ্রতিষ্ঠানদ্বয়ের প্রতিষ্ঠাতা শিল্পপতি মো. মুজিবুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষাবিদ ও সাবেক বিমান বাহিনীর কর্মকর্তা মাতব্বর আবদুল মোমেন, স্থানীয় কাউন্সিলর সাইফুদ্দিন সাইফু, শিল্পপতি সাইফুল ইসলাম, ফাহমিদা আনোয়ার, সাবরিনা করিম। স্বাগত বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষ মো. দবির উদ্দিন খান, প্রধান শিক্ষক সজল কুমার দত্ত। পরে মেয়র বিজয়ীদের মাঝে পুরষ্কার তুলে দেন। সভার শুরুতে জাতীয় সঙ্গীতের সাথে সাথে জাতীয়, অলিম্পিক ও শিক্ষা

প্রতিষ্ঠানের পতাকা উত্তোলন অলিম্পিক মশাল প্রজ্জ্বলন, শিক্ষার্থীদের কুচকাওয়াজ ও ডিসপ্লে অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম- ০৫ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

২৭নং ওয়ার্ডে সিডিএ আবাসিক এলাকায় ৮ কোটি ৩২ লক্ষ ৫৫ হাজার টাকার উন্নয়ন কাজ পরিদর্শনে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব থেকে ২ কোটি ৪৪ লক্ষ ৮৭ হাজার টাকা ব্যয়ে সিডিএ আবাসিক এলাকার ৬টি সড়ক এবং এডিপি অর্থায়নে ৩ কোটি ৪১ লক্ষ ৮০ হাজার টাকা ব্যয়ে সিডিএ আবাসিক এলাকার ১৭, ২৫/১, ২৫, ২২, ২৩/২, ২৭ নং রোডের উন্নয়ন কাজ এবং ২ কোটি ৪৬ লক্ষ ১৫ হাজার টাকা ব্যয়ে সিডিএ আবাসিক এলাকার ১নং রোডের পাশে নাছির খালে রিটার্নিং ওয়াল নির্মাণ কাজ ৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. সোমবার, সকালে সরেজমিনে পরিদর্শন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি এ সকল নির্মাণ কাজের মধ্যে নালা নির্মাণ, রাস্তা উঁচু করণ ও সংস্কার কাজ পায়ে হেঁটে দেখেন। ২০১৭-২০১৮ অর্থ বছরের আওতায় এ সকল উন্নয়ন কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য মেয়র সংশ্লিষ্ট প্রকৌশলী ও ঠিকাদারদের নির্দেশ দেন। পরে মেয়র মহেষখাল পরিদর্শন করেন। এ সময় ২৭নং ওয়ার্ড কাউন্সিলর এইচ এম সোহেল, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ সহ সংশ্লিষ্ট প্রকৌশলী ও ঠিকাদারবৃন্দ এবং স্থানীয় রাজনৈতিক, সামাজিক ও পেশাজীবী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা